প্রথম আলো

তারিখ 06 DEC 2006
পৃষ্ঠা ১৮ কলাম ৩

রাজশাহী বিশ্ববিদ্যালয়

# সাময়িক বরখাস্ত অবস্থায় স্থায়ী অধ্যাপক হলেন ড. গালিব

**রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি**

আহলে হাদিস আন্দোলন, বাংলাদেশের আমির ও রাজশাহী বিশ্ববিদ্যালয়ের আরবি বিভাগের সাময়িক বরখাস্ত হওয়া শিক্ষক ড. আসাদুল্লাহ আল গালিবকে স্থায়ী অধ্যাপক পদে স্থানান্তর করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। চলতি বছরের প্রথম দিকে জঙ্গি হামলার সঙ্গে সম্পৃক্ততার অভিযোগে ড. গালিবকে গ্রেপ্তার করা হয় এবং বর্তমানে তিনি জেলহাজতে রয়েছেন।

গ্রেপ্তার হওয়ার পর বিশ্ববিদ্যালয় অ্যাক্ট অনুযায়ী ড. গালিবকে বিশ্ববিদ্যালয়ের চাকরি থেকে সাময়িক বরখাস্ত করা হয়েছিল এবং ওই আদেশ এখনো বলবৎ রয়েছে।

বিশ্ববিদ্যালয় রেজিস্ট্রার আবদুস সালাম স্বাক্ষরিত এক আদেশে বলা হয়েছে, জ্যেষ্ঠতার ভিত্তিতে ড. গালিবসহ একই বিভাগের চারজন আপগ্রেডেড অধ্যাপককে স্থায়ী অধ্যাপক পদে স্থানান্তর করা হয়েছে। অপর তিনজন হলেন মো. আব্দুল আজিজ খান, ড. মো. আব্দুল হক এবং এ কে এম শামসুল আলম।

বিশ্ববিদ্যালয় প্রশাসনের একটি সূত্র জানায়, গত ১৮ নভেম্বর অনুষ্ঠিত সিন্ডিকেট সভায় চরম গোপনীয়তা রক্ষা করে ড. গালিবকে স্থায়ী অধ্যাপক পদে স্থানান্তর করা হয়। গতকাল মঙ্গলবার এ বিষয়টি জানাজানি হয়।

বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য ড. এম সাইদুর রহমান খান এ বিষয়ে বলেন, অপরাধী-অভিযুক্তরাই জেলহাজতে থাকে। এদের পদোন্নতি হতে পারে না। কাজটি মোটেও ঠিক হয়নি।

এ ব্যাপারে যোগাযোগ করা হলে আরবি বিভাগের সভাপতি ড. মো. আব্দুল হক জানান, বিধি মোতাবেক গালিবসহ চারজনকে স্থায়ী অধ্যাপক পদে স্থানান্তর করা হয়েছে। তিনি এ বিষয়ে এর চেয়ে বেশি কিছু বলতে রাজি হননি।

বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার আবদুস সালাম বলেন, নিয়মিতভাবেই ড. গালিবকে স্থায়ী অধ্যাপক করা হয়েছে। তিনি আরও জানান, সাময়িকভাবে বরখাস্ত হলেও বিশ্ববিদ্যালয়ের বিধিমতে ড. গালিব এখনো একজন চাকরিজীবী।

বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগ সভাপতি ইব্রাহীম হোসেন মুন ও সাধারণ সম্পাদক আয়েন উদ্দিন এ ব্যাপারে ক্ষুব্ধ প্রতিক্রিয়া ব্যক্ত করেছেন।